সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর
(প্রতিরক্ষা মন্ত্রণালয়)
ঢাকা সেনানিবাস

নিয়োগ বিজ্ঞপ্তি

১। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়), ঢাকা সেনানিবাস এবং এর আওতাধীন আন্তঃবাহিনী মেডিকেল ইউনিট সমূহে নিম্নেবর্ণিত শূন্য পদে অসামরিক লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক	পদের নাম ও গ্রেড	পদের সংখ্যা	বেতন স্কেল (জোঃ বেঃ স্কেল ২০২৬ মোতাবেক)	যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	ড্রাফটসম্যান গ্রেড-১৫	০১	২২,৮০০-৫৫২০০/-	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং স্বীকৃত কোন ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ড্রাফটস্ম্যানশীপ বিষয়ে ডিপ্লোমা
২।	কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬	০১	২১,৯০০-৫২,৯০০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তৎসহ প্রতি মিনিটে মুদ্রাক্ষরে/ কম্পিউটারে টাইপিং এর গতি বাংলা- প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজি - প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ
৩।	এফ ডব্লিউ এ (ফ্যামিলি ওয়েলফেয়ার এ্যাসিসটেন্ট) গ্রেড-১৬	০৯	২১,৯০০-৫২,৯০০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা এফ ডব্লিউ এ পদে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক বা সমমানের সিজিপিএ-তে সার্টিফিকেট কোর্স বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
৪।	অগ্নিনির্বাপক (গ্রেড-১৯)	০২	২০,৫০০-৪৯,৬০০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে
৫।	অফিস সহায়ক গ্রেড-২০	০৯	২০,০০০-৪৮,৪০০/-	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
৬।	আয়া গ্রেড-২০	০২	২০,০০০-৪৮,৪০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, মহিলা প্রার্থী হইতে হইবে এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে।
৭।	বাবুর্চি গ্রেড-২০	০১	২০,০০০-৪৮,৪০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অনূন্য ৫ (পাঁচ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা
৮।	মালী গ্রেড-২০	০২	২০,০০০-৪৮,৪০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে
৯।	সহকারী বাবুর্চি গ্রেড-২০	০১	২০,০০০-৪৮,৪০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে
১০।	মেসওয়েটার গ্রেড-২০	০১	২০,০০০-৪৮,৪০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে
১১।	পরিচ্ছন্নতাকর্মী গ্রেড-২০	০১	২০,০০০-৪৮,৪০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হরিজন সম্প্রদায়ের প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে এবং সুঠাম দেহের অধিকারী হইতে হইবে

bekarsfeed.com

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

বিঃদ্রঃ যারা আবেদন করতে পারবেনঃ সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১। ২১ নভেম্বর ২০২৬ তারিখে সকল প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি চাকরিতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। মৌখিক পরীক্ষার সময় সরকারি চাকরিরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি দাখিল করবে।

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না ।

৫। এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৬। আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা অবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

৭। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়া, পূরণকৃত Application Form সহ জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

৮। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৯। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূণ্যপদ পূরণে সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর এর বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৬ এবং সশস্ত্র বাহিনী সদর দপ্তর এবং আন্তঃবাহিনী সংস্থা সিভিলিয়ান কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (কমন নিয়োগ বিধি-২০২০) অনুসরণ করা হবে।

১০। সকল পদের পরীক্ষা একই তারিখে একই সময়ে অনুষ্ঠিত হবে ।

১১। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ।

১২। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ

ক। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://dgms.teletalk.com.bd ওয়েবসাইটে লগ-ইন করে Online-এ আবেদনপত্র পূরণ করবেন। Online-এ আবেদন ও পরীক্ষা ফি জমাদানের সময়সীমা নিম্নরূপঃ

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ০১ নভেম্বর ২০২৬।
(২) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ ২১ নভেম্বর ২০২৬।
(৩) উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit - এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel), File size maximum 60 kb ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel), File size maximum 100 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন ।

গ। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন ।

ঘ। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online এ নির্ভূলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বার) টাকা {পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা} এবং ৪-১১ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা {পরীক্ষার ফি বাবদ ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/-} অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না ।

প্রথম SMS : DGMS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
দ্বিতীয় SMS : DGMS <space>Yes <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
ফিরতি SMS এ Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

ঙ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgms.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনাগুলো তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

চ। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

bekarsfeed bekarsfeed.com

ছ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

(১) User ID জানা থাকলে DGMS<Space>HELP<Space>USER<Space>USER ID & Send to 16222. (Example: DGMS HELP USER ABCDEF & Send to 16222)

(২) PIN Number জানা থাকলে DGMS<Space>HELP<Space>PIN<Space>PIN No & Send to 16222. (Example: DGMS HELP USER ABCDEF & Send to 16222)

জ। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (ডিজিএমএস) এর কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় এর নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য http://dgms.teletalk.com.bd এ পাওয়া যাবে ।

ঝ। অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নাম্বারে ফোন করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল-এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবেঠ। (Mail/ মেসেজ এর Subject-এ Organization Name: MOPA, Post Name:*** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৩। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

ক। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে । ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবেঃ

(১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

(২) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৩) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, এই মর্মে মুক্তিযোদ্ধা সনদ, মুক্তিযোদ্ধা গেজেট এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর পিতা/ মাতার নাম এবং মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র/ কন্যার নাম সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।

(৪) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৫) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ।

(৬) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

খ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না ।

১৩। বিবিধঃ

ক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে ।
খ। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

পর্ষদ সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর (প্রতিরক্ষা মন্ত্রণালয়)
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

bekarsfeed bekarsfeed.com